

ধামরাই সরকারি কলেজ

শ্রেণিঃ একাদশ

ব্যবসায় শিক্ষা শাখা

প্রাক নির্বাচনী পরীক্ষা-২০২৩(অ্যাসাইনমেন্ট)

বিষয়ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র

পূর্ণমানঃ ৭০

‘ক’ বিভাগ-১ম পত্র

১। জনাব এনামুল ৫০ লক্ষ টাকা ব্যয়ে ‘পপুলার ডায়াগনস্টিক’ নামে ৫তলা বিশিষ্ট একটি ডায়াগনস্টিক সেন্টার তৈরি করেন। তিনি তার সেন্টারে ১ কোটি টাকার রোগ নির্ণয়ের যন্ত্রপাতি ক্রয় করেন। কর্মকর্তা, নার্স এবং টেকনিশিয়ান হিসেবে ২৫জন ব্যক্তি নিয়োগ দেন। রোগীর চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি প্রতিষ্ঠানটি সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। জনাব এনামুলের ধারণা, রোগী বাড়লে তিনি পরীক্ষা নিরীক্ষার ফি কমাতে পারবেন।

ক. উৎপাদন মাত্রা কী?

১

খ. “কাম্য উৎপাদন মাত্রায় সর্বোচ্চ মুনাফা অর্জিত হয়”-ব্যাখ্যা কর।

২

গ. জনাব এনামুলের ডায়াগনস্টিক সেন্টারটি কোন মাত্রার প্রতিষ্ঠান?-ব্যাখ্যা কর।

৩

ঘ. উদ্দীপকে জনাব এনামুলের রোগী বাড়লে নিরীক্ষা ফি কমানোর চিন্তা-ভাবনা কি যুক্তিসংগত? ব্যাখ্যা কর। ৪

২। জনাব শাহীন চৌধুরী টোঙ্গিতে নিজস্ব ব্যবস্থাপনায় একটি গার্মেন্টস শিল্প গড়ে তুলেন। তিনি ২০ কেটি টাকা মূলধন এবং ১৫০জন শ্রমিক কর্মচারী নিয়ে কারখানাটি চালু করেন। কারখানায় উৎপাদিত পণ্যের মান উন্নত ও ডিজাইন আকর্ষণীয় হওয়ায় এর ব্যপক চাহিদা সৃষ্টি হয়। বর্ধিত চাহিদা পূরণের জন্য তিনি কারখানা সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। এই প্রেক্ষিতে ব্যাংক থেকে তিনি ১৫ কোটি টাকা ঋণ নেন এবং আরো ১২৫জন শ্রমিক নিয়োগ দেন।

ক. ক্ষুদ্র এন্টারপ্রাইজ কী?

১

খ. “শ্রম দক্ষতা বৃদ্ধিতে শ্রম বিভাগ সহায়তা করে”-ব্যাখ্যা কর।

২

গ. ব্যাংক ঋণ পাওয়ার আগে প্রতিষ্ঠানটি কোন ধরনের এন্টারপ্রাইজ ছিলো? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক ঋণ পাওয়ার পর প্রতিষ্ঠানটি দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যপক ভূমিকা রাখছে-উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর।

৪

৩। সফিক অফসেট প্রিন্টিং প্রেস, বাংলাবাজারে অবস্থিত একটি আধুনিক প্রেস। এই প্রেসে বই, পোস্টার, লিফলেট প্রভৃতি ছাপানো হয়। এই প্রতিষ্ঠানের ছাপার মান খুব ভালো। মাঝে মাঝে প্রতিষ্ঠানটি চাহিদা অনুযায়ী অর্ডার সরবরাহ করতে পারে না। ফলে ব্যপক মুনাফা থেকে প্রতিষ্ঠানটি বঞ্চিত হয়।

ক. উৎপাদনশীলতা কী?

১

খ. রূপগত উপযোগ বলতে কি বোঝায়?

২

গ. উদ্দীপকে উল্লিখিত সফিক অফসেট প্রিন্টিং প্রেস ছাপানোর মাধ্যে কি জাতীয় উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. “চাহিদা অনুযায়ী অর্ডার সরবরাহ ও সর্বোচ্চ মুনাফা অর্জনের লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধি করা প্রয়োজন।”

উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর।

৪

৪। জনাব সুজন, সুমন ও পলাশ মিলে একটি সংগঠন গড়ে তোলার উদ্দেশ্যে চুক্তিতে আবদ্ধ হন। এবং চুক্তি অনুযায়ী ব্যবসায় মূলধন সরবরাহ করেন। কিন্তু, কিছুদিন পর জনাব সুজনের সাথে অন্য দুইজনের মতানৈক্য দেখা দেওয়ায় তিনি অবসর গ্রহণ করেন।

- ক. সংগঠন কী? ১
খ. শ্রমের গতিশীলতা বলতে কি বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত তিনজন মিলে কি ধরনের সংগঠন গড়ে তুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায় চুক্তি ও আস্থা বিশ্বাসের স্বপক্ষে যুক্তি দাও। ৪

‘খ’ বিভাগ-২য় পত্র

৫। রসূলপুরের জামাল উদ্দীন একজন ফুল চাষী। তিনি ক্রেতার রুচি প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন প্রকার ফুলের চাষ করেন। সেখানকার জমি ফুল চাষের জন্য খুব উপযুক্ত। দেশে এবং বিদেশে ফুলের চাহিদা থাকায় বিক্রয় বৃদ্ধি পায়। ফলে অল্প দিনেই জামাল ফুল চাষে লাভবান হন। তার দেখাদেখি অনেকে ফুল চাষ শুরু করেছে। এভাবে রসূলপুর গ্রামের চাষীরা স্বাভলম্বি হতে শুরু করে।

- ক. বিপণন কী? ১
খ. “সকল ক্রেতাই ভোক্তা নয়”-ব্যাখ্যা কর। ২
গ. জামাল উদ্দীন কোন ধারণা প্রেক্ষিতে ফুল চাষ শুরু করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে জামাল উদ্দীনের ফুল চাষের ভূমিকা কতটুকু? এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। কলেজ পড়ুয়া জাহাঙ্গির পত্রিকায় বিজ্ঞাপন পড়ে জানলো বাজারে নতুন একধরনের মোবাইল সেট এসেছে, যার ব্যাটারির চার্জ একটানা ৭দিন পর্যন্ত থাকবে। এতে উৎসাহিত হয়ে উক্ত কম্পানির সেট সে ক্রয় করেন। তার ধারণা পণ্যটি হতে তার প্রত্যাশা পূরণ হয়েছে। তবে তার চিন্তা হলো বিপণনের কার্যকর ভূমিকার কারণেই তিনি পণ্যটি সম্পর্কে জানতে পেরেছেন। তবে, এর ফলে পণ্যের মূল্য কিছুটা হলেও বৃদ্ধি পেয়েছে।

- ক. ক্রেতা ভ্যালু কী? ১
খ. বিপণন কিভাবে জীবনযাত্রার মানোন্নয়ন করে? ব্যাখ্যা কর। ২
গ. পণ্যটি সম্পর্কে জাহাঙ্গিরের এরূপ ধারণাকে বিপণনের ভাষায় কি বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহাঙ্গিরের চিন্তার সাথে তুমি কি একমত? উদ্দীপকের আলোকে যুক্তি দাও। ৪

৭। মি. পালের গাড়ি কেনার মত সামর্থ্য না থাকায় তিনি ধামরাইতে একটি পোল্ট্রিফার্ম প্রতিষ্ঠা করেন। ফার্মের উৎপাদিত ডিম এবং মাংস উন্নতমানের হওয়ায় ব্যাপক চাহিদা বিদ্যমান। উত্তরোত্তর ব্যবসায়ে সাফল্যের ফলে তিনি একটি গাড়ি ক্রয় করেন। গাড়িটি তিনি ব্যক্তিগত এবং ব্যবসায়িক কাজে ব্যবহার করেন। চাহিদা আরো বৃদ্ধি পাওয়ায় তিনি কালামপুরে আরো একটি বৃহত্তর ফার্ম প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

- ক. বাজার কী? ১
খ. বিপণন শক্তিশালী ক্রেতা সম্পর্ক সৃষ্টি করে। ব্যাখ্যা কর। ২
গ. মি. পালের গাড়ি ক্রয় কোন মৌলিক ধারণার অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. পালের সিদ্ধান্ত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে যে ভূমিকা রাখবে তা বিশ্লেষণ কর। ৪